গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
www.ictd.gov.bd

স্মারক নং- ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৫৬.২০-২০৮

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ শেখ রাসেল পদক ২০২১ এর মনোনয়ন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ২৩/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে প্রতি বছর ১৮ অক্টোবর তারিখ 'শেখ রাসেল দিবস' 'ক' শ্রেণীর দিবস হিসেবে ঘোষণা এবং 'শেখ রাসেল দিবস' পালন/উদ্‌যাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে (সংলাপ-ক)। তদানুযায়ী আগামী ১৮ অক্টোবর ২০২১ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' উদ্‌যাপন করা হবে। এ বছর দিবসটি উদ্‌যাপনের মূল অনুষ্ঠানটি প্রযুক্তি সহযোগে ভৌত ও ভার্চুয়াল উভয় পদ্ধতির সংমিশ্রণে অনুষ্ঠিত হতে পারে।

০২। আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখে শেখ রাসেল দিবস উপলক্ষে শিল্প, শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, ক্রীড়া, বিজ্ঞান ও প্রযুক্তি খাতে শিশুদের শেখ রাসেল পদক প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে আপনার বিভাগ হতে শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদান রেখেছে এরূপ একজন শ্রেষ্ঠ শিশু (ছেলে) ও একজন শ্রেষ্ঠ শিশু (মেয়ে) এর মনোনয়ন প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, আপনার বিভাগ হতে (শিক্ষা ক্ষেত্রে) বিশেষ অবদান রেখেছে এরূপ একজন শ্রেষ্ঠ শিশু (ছেলে) ও একজন শ্রেষ্ঠ শিশু (মেয়ে)-এর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

২৬।৯

(এন এম জিয়াউল আলম পিএএ)
সিনিয়র সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
☎ +৮৮-০২-৪১০২৪০৩১ (অফিস)
✉ secretary@ictd.gov.bd

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)**
১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও ঢাকা-১২০৭
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা),নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-৪৪৩

তারিখ: ১২ আশ্বিন , ১৪২৮
২৭ সেপ্টেম্বর, ২০২১

উপরোল্লিখিত পত্রের মর্মার্থানুযায়ী আপনার আওতাধীন মাদ্রাসা হতে ০১ (এক) জন ছেলে শিশু ও ০১ (এক) মেয়ে শিশুর নামের তালিকা (শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের প্রমাণকসহ) আগামী ২৮/০৯/২০২১ খ্রি. তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে ddadmeb@gmail.com ই-মেইলে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
**বিষয়টি অতীব জরুরী।**
সংযুক্তি : ০৬ ফর্দ।

২৭।০৯।২১

মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৮
adm.dmeb@gmail.com

উপ পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..........(সকল অঞ্চল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:
১। জেলা প্রশাসক (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার (... সকল)
৩। জেলা শিক্ষা অফিসার (... সকল)
৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (... সকল)
৫। অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান .........(সকল সরকারি/বেসরকারি মাদ্রাসা)

} তাঁর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ করা হলো।

অনুলিপি:
১। অতিরিক্ত সচিব (প্রশাসন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি প্রমোশন ও ব্র্যান্ডিং শাখা

**আগামী ১৮ অক্টোবর "শেখ রাসেল দিবস" উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতি পর্যালোচনামূলক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | জুনাইদ আহ্‌মেদ পলক<br>মাননীয় প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ২০ সেপ্টেম্বর ২০২১ |
| সভার সময় | রাত ৯.০০ টা |
| স্থান | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | ... |

সভাপতি সভায় অংশগ্রহণকারী এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা এবং আইসিটি খাতের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | শেখ রাসেল দিবস ২০২১-এর উদযাপন কমিটি | সভায় শেখ রাসেল দিবস ২০২১ এর জন্য জাতীয় উদযাপন কমিটি'র খসড়া উপস্থাপন করা হয় (সংলাগ-ক)। | সভায় বিস্তারিত আলোচনা শেষে কিছু সদস্য সংযুক্ত করে শেখ রাসেল দিবস ২০২১ এর জন্য চূড়ান্ত জাতীয় উদযাপন কমিট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | আইসিটি বিভাগ |
| ০২ | ভেন্যু নির্ধারণ | বিআইসিসি-এর হল-অব-ফেম-এ কেন্দ্রীয়ভাবে মুল অনুষ্ঠান (উদ্বোধনী ও শেখ রাসেল পদক বিতরণ অনুষ্ঠান) আয়োজনের বিষয়ে আলোচনা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-এর উপ-পরিচালক (প্রশাসন) জানান যে, কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত ইতোমধ্যে ভেন্যু বুকিং সম্পন্ন করা হয়েছে। | বিআইসিসি-এর হল-অব-ফেম-এ কেন্দ্রীয়ভাবে মুল অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সকলে সম্মত হন। তবে আরো কক্ষের প্রয়োজন হলে বুকিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। মিনিংফুল ও আর্টিস্টিক ডিজাইনে ভেন্যু, মঞ্চ ও অন্যান্য কন্টেন্ট ডিজাইন করতে হবে। | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ০৩ | প্রধান অতিথি | আইসিটি বিভাগের প্রতিনিধি জানান যে, শেখ রাসেল দিবস ২০১৮ উপলক্ষ্যে আগামী ১৮ অক্টোবর ২০১৮ তারিখ সোমবার কেন্দ্রীয়ভাবে আয়োজিতব্য মুল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। | যাবতীয় প্রশাসনিক কার্যক্রম সম্পাদনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | আইসিটি বিভাগ |
| ০৪ | কর্মসূচি গ্রহণ | (৪.১) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বিগত ১০ বছর ধরে যে কর্মসূচি ধারাবাহিকভাবে পালন করছে তার খসড়া সভায় উপস্থাপন করেন (সংলাগ-গ)। এছাড়াও সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠানের স্ব-স্ব কর্মসূচি প্রণয়নের বিষয়ে আলোচনা হয়। জাতীয় শিশু কিশোর পরিষদ দিবসটি উপলক্ষ্যে নিজস্ব কর্মসূচি গ্রহণ করতে পারেন মর্মে আলোচনা হয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর অনুরুপ সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠান স্ব-স্ব অনুষ্ঠানসূচি প্রণয়ন করবে এবং কেন্দ্রীয়ভাবে সমন্বয়ের জন্য মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠান/পরিষদ স্ব-স্ব অনুষ্ঠানসূচি অনুযায়ী নিজ উদ্যোগে দিবস উদযাপন করবেন। | সিনিয়র সচিব/ সচিব মন্ত্রণালয়/বিভাগ (সকল) |
| | | (৪.২) সংসদ সচিবালয়ের পক্ষ হতে সংসদের দক্ষিণ প্লাজায় একটি আলোচনা সভা এবং মাননীয় স্পীকারের অনুমতি সাপেক্ষে সাংকৃতিক অনুষ্ঠান আয়োজনে বিষয়ে আলোচনা হয়। প্রকল্প পরিচালক, এটুআই গৃহীতব্য কর্মসূচিকে সহায়তা প্রদান করবেন মর্মে সভাপতি আলোচনা করেন। | (৪.২) সংসদ সচিবালয়ের পক্ষ হতে সংসদের দক্ষিণ প্লাজায় একটি আলোচনা সভা এবং মাননীয় স্পীকারের অনুমতি সাপেক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে বিষয়ে আলোচনা হয়। প্রকল্প পরিচালক, এটুআই সংসদ সচিবালয় কর্তৃক গৃহীতব্য প্রোগ্রাম/কর্মসূচি সমন্বয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। | প্রকল্প পরিচালক এটুআই |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | দিবসের প্রতিপাদ্য | আইসিটি অধিদপ্তর কর্তৃক দিবসের ০২টি প্রতিপাদ্য উপস্থাপন করা হয়। | উদ্‌যাপন কমিটির সভায় দিবসের জন্য একটি আকর্ষনীয় প্রতিপাদ্য নির্ধারণ করা হবে। | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ০৬ | শেখ রাসেলের একটি ম্যুরাল অথবা প্রতিকৃতি তৈরি | দিবসটি 'ক' শ্রেণীর জাতীয় দিবস হওয়ার কারণে পুষ্পস্তবক অর্পণের নিমিত্ত শেখ রাসেলের একটি ম্যুরাল অথবা প্রতিকৃতি তৈরির বিষয়ে আলোচনা হয়। এছাড়াও আগামী ০৫/১০/২০২১ তারিখের মধ্যে শেখ রাসেলের একটি ছবি নির্বাচন করে অনুমোদন গ্রহণ করা হবে এবং ১৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে মুরাল বা প্রতিকৃতি তৈরি সম্পন্ন করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | শেখ রাসেলের একটি ছবি নির্বাচন করে জাতীয় উদ্‌যাপন কমিটির সভায় অনুমোদন গ্রহণ করতে হবে। | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ০৭ | পুষ্পস্তবক অর্পন | (৭.১) বাংলাদেশ শিশু একাডেমি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় জাতীয় প্রোগ্রাম/কর্মসুচি হিসেবে সকাল ৬:০০ টায় বনানী কবরস্থানে পুষ্পস্তবক অর্পন ও শ্রদ্ধা নিবেদন করবে মর্মে সভায় উপস্থাপন করেন। | (৭.১) জাতীয় কর্মসূচির অংশ হিসেবে সকাল ৬:০০ টায় বনানী কবরস্থানে পুষ্পস্তবক অর্পন ও শ্রদ্ধা নিবেদন করতে হবে। | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| | | (৭.২) এছাড়াও বাংলাদেশ শিশু একাডেমি সকাল ১০:৩০ টায় শিশুদের জন্য ধানমন্ডি ৩২ নম্বর বাড়িতে বঙ্গবন্ধু-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন এবং বঙ্গবন্ধু জাদুঘর পরিদর্শনের আয়োজন করেছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (৭.২) বাংলাদেশ শিশু একাডেমি সকাল ১০:৩০ টায় শিশুদের জন্য ধানমন্ডিস্থ ৩২ নম্বর বাড়িতে বঙ্গবন্ধু-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শনের আয়োজন করবে। | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| | | (৭.৩) মাননীয় সভাপতি বলেন যে, শেখ রাসেল-এর নির্বাচিত ছবি-এর মুর‍্যাল বা প্রতিকৃতিতে কেন্দ্রীয়ভাবে ও মাঠপর্যায়ে সকাল ০৭:০০ টায় পুষ্পস্তবক অর্পন করা যেতে পারে। | (৭.৩) শেখ রাসেল-এর নির্বাচিত ছবি-এর মুর‍্যাল বা প্রতিকৃতিতে কেন্দ্রীয়ভাবে ও মাঠপর্যায়ে সকাল ০৭:০০ টায় পুষ্পস্তবক অর্পন করতে হবে। | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ০৮ | অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজন | আগামী ০১ অক্টোবর - ০৯ অক্টোবর, ২০২১ পর্যন্ত কুইজ নিবন্ধন এর বিষয়ে আলোচনা হয় এবং আগামী ১০ অক্টোবর, ২০২১ তারিখে প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। যেহেতু প্রতিযোগিতাটি শুধুমাত্র শিশুদের নিয়ে অনুষ্ঠিত হবে বিধায় শিশু আইন ২০১৩ অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ১৮ রাখার বিষয়ে আলোচনা হয়। যেহেতু জন্ম ও মৃত্যু নিবন্ধন ডাটাবেজের সাথে এক্ষণে ভেরিফিকেশন করে সম্ভব নয়, সেহেতু বয়স প্রমাণের জন্য এক্ষণে শিক্ষা প্রতিষ্ঠান বা পিএসসি বা জেএসসি-এর জন্মতারিখ উল্লেখ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও শেখ রাসেল ওয়েবসাইট-এর মাধ্যমে অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজন করার বিষয়েও আলোচনা হয়। অনলাইন কুইজ পোর্টালকে সাইবার হামলা হতে সুরক্ষিত রাখার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও আগামী ০১/১০/২০২১ তারিখে সংবাদ সম্মেলন আয়োজনের বিষয়ে মাননীয় সভাপতি আলোচনা করেন। সভায় এটুআই-এর প্রতিনিধি অনলাইন কুইজ প্রতিযোগিতার নিম্নবর্ণিত বিষয়াদি উপস্থাপন করেন:<br>০৯প্রতিযোগিতা শুধু মাত্র স্কুল ও কলেজ শিক্ষার্থীদের জন্য (৮-১৬ বছর) । | শেখ রাসেল দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে অনলাইন কুইজ প্রতিযোগিতাটি www.sheikhrussel.gov.bd প্ল্যাটফর্মের মাধ্যমে প্রতিযোগিতাটি আয়োজন করতে হবে। অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগামী ০১ অক্টোবর - ০৯ অক্টোবর, ২০২১ পর্যন্ত নিবন্ধন/রেজিস্ট্রেশন এবং আগামী ১০ অক্টোবর ২০২১ তারিখ অনলাইন কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রতিযোগিতা শুধু মাত্র স্কুল ও কলেজ শিক্ষার্থীদের জন্য (৮-১৮ বছর)। দুইটি গ্রুপে প্রতিযোগিতা আয়োজন করতে হবে। গ্রুপ (৩য়-৭ম শ্রেণি বা ০৮-১২ বছর) ও গ্রুপ (৮ম – ১২ম শ্রেণি বা ১৩-১৮ বছর);<br>এক্ষণে শিক্ষা প্রতিষ্ঠান বা পিএসসি বা জেএসসি-এর জন্মতারিখ উল্লেখ করতে হবে;<br>১৮ বছরের উপরে কেউ নিবন্ধন করতে পারবে না;<br>যদি কেউ তথ্য গোপন করে বা ভুল তথ্য দিয়ে নিবন্ধন করে বা কোনো নিয়ম ভঙ্গ করে তাহলে সে প্রার্থীর ফলাফল বাতিল বলে গণ্য হবে; | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>প্রকল্প পরিচালক, এটুআই<br>নির্বাহী পরিচালক, বিসিসি |
| | | একজন প্রতিযোগি একবার অংশগ্রহণ করতে পারবেন। | একজন প্রতিযোগি একবার রেজিস্ট্রেশন করতে পারবেন; | |
| | | ভুল তথ্য দিয়ে অংশগ্রহণ করলে পরবর্তীতে অযোগ্য মর্মে বিবেচনা করা হবে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রত্যেকের জন্য সময় ১০ মিনিট সকল প্রশ্নের মান সমান ১ পয়েন্ট। ভুল উত্তরের জন্য কোন নাম্বার কাটা যাবে না।<br>সকল প্রশ্ন এম.সি. কিউ পদ্ধতিতে হবে। নির্ধারিত ১০ মিনিটের ভিতর সঠিক উত্তরদাতাদের মধ্য থেকে কম সময়ে সর্বোচ্চ সংখ্যক সঠিকতার ক্রমঅনুসারে প্রথম, দ্বিতীয় ও ইত্যাদি বিজয়ী নির্বাচিত হবে।<br>প্রতিযোগিতা বাস্তবায়নের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ ব্যক্তি ও পরিবারবর্গ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর প্রোগ্রাম আয়োজন করবে ও পুরস্কার প্রদান করবে।<br>প্রশ্নপত্র প্রণয়নের জন্য এটুআই সম্ভাব্য ৩ তারিখ একটি কর্মশালা আয়োজন করবে।<br>কুইজটি গণমাধ্যমে প্রচারে তথ্য মন্ত্রণালয় সহযোগিতা করতে পারে।<br>প্রোগ্রামটি সোশ্যাল মিডিয়াসহ অন্যান্য মাধ্যমে প্রচারে এটুআই সহযোগিতা করবে। | প্রত্যেকের জন্য সময় ১০ মিনিট। সকল প্রশ্নের মান সমান ১ পয়েন্ট। ভুল উত্তরের জন্য কোন নাম্বার কাটা যাবে না;<br>সকল প্রশ্ন এম.সি.কিউ পদ্ধতিতে হবে। নির্ধারিত ১০ মিনিটের ভিতর সঠিক উত্তরদাতাদের মধ্য থেকে কম সময়ে সর্বোচ্চ সংখ্যক সঠিকতার ক্রমঅনুসারে প্রথম, দ্বিতীয় .....পঞ্চম (০৮-১২ বছর) ০৫ জন এবং (১৩-১৮ বছর) ০৫জন পর্যন্ত বিজয়ী নির্বাচিত হবে এবং পুরস্কৃত করতে হবে;<br>বিজয়ীদের ১০টি উন্নতমানের ল্যাপটপ প্রদান করতে হবে;<br>প্রতিযোগিতা বাস্তবায়নের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ ব্যক্তি ও পরিবারবর্গ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না;<br>নির্বাহী পরিচালক, বিসিসি BGD e-GOV CERT-কে অনলাইন কুইজ প্রতিযোগিতার প্ল্যাটফর্ম সুরক্ষিত রাখার নির্দেশনা প্রদান করবেন। ডিজিটাল সিকিউরিটি এজেন্সিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। BGD e-GOV CIRT এর পক্ষ হতে জনাব তারেক এম বরকতুল্লাহ (Project Director), জনাব তৌহিদুর রহমান (Senior Technical Specialist (Digital Security), জনাব রুবায়েত বিন মোদাচ্ছের (Digital Forensic Analyst) অফিসিয়ালি দায়িত্ব পালন করবেন।<br>প্রশ্নপত্র প্রণয়নের জন্য এটুআই সম্ভাব্য ৩ তারিখের একটি কর্মশালা আয়োজন করতে হবে;<br>অনলাইন কুইজের প্রশ্ন ভেরিফাইড বা ভেটিং করতে হবে;<br>আইসিটি অধিদপ্তর অনলাইন নিবন্ধনের শুভ উদ্বোধন ঘোষণার জন্য আগামী ০১/১০/২০২১ তারিখে একটি সংবাদ সম্মেলন আয়োজন করবে;<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় অনলাইন কুইজটি গণমাধ্যমে প্রচারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;<br>এটুআই প্রোগ্রামটি সোশ্যাল মিডিয়াসহ অন্যান্য মাধ্যমে প্রচার করবে;<br>Konnect, মুক্তপাঠ UNICEF এর safeint ernet প্ল্যাটফর্ম, জাতীয় তথ্য বাতায়ন, অফিসিয়াল ফেসবুক পেজ এবং Cable Operators Association of Bangladesh-এর মাধ্যমে সারাদেশে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>কিশোর-বাতায়ন বা কিশোর-কানেক্ট এর মাধ্যমেও নিবন্ধনের ব্যবস্থা রাখতে হবে; | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | প্রেস রিলিজ প্রদান, প্রমো ভিডিও, ওয়েবসাইট প্রমোশন, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে চিঠি প্রদান, Influencer ভিডিও, সোশ্যাল মিডিয়া কার্ড, রেজিস্ট্রেশন প্রসেস ভিডিও, বিলবোর্ড প্রচার, জেলা প্রশাসন ফেসবুক পেইজে প্রচার, পার্টনারের মাধ্যমে প্রমোশন, এসএমএস প্রদান ইত্যাদি।<br>আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ) ড. খন্দকার আজিজুল ইসলাম-কে সভাপতি করে সংযুক্ত কমিটি (সংলাগ-ঘ) অনুমোদন করা হলো;<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করবে ও পুরস্কারের ব্যয় নির্বাহ করবে। | |
| ০৯ | শেখ রাসেল ওয়েবসাইট তৈরি | সভায় শেখ রাসেল-এর জন্য একটি আকর্ষনীয় ও সৃজনশীল ওয়েবসাইট তৈরির বিষয়ে আলোচনা হয়। যেখানে শেখ রাসেল-কে নিয়ে একটি ডিজিটাল এ্যালবাম থাকবে, শেখ রাসেল-এর জীবন, জন্ম, বেড়েওঠা, ১৫ আগস্ট, তাঁর স্মৃতিকথা, পরিবার, বিভিন্ন সাক্ষাতকার, বিভিন্ন সময়ে ধারণকৃত ছবি, শেখ রাসেল-এর উপর রচিত বিভিন্ন বইয়ের তালিকা, গান, কবিতা দিবসটি উদযাপন উপলক্ষ্যে যাবতীয় কনটেন্টসমূহ যেমন-অডিও ভিজ্যুয়াল, এনিমেটেড ভিডিও, ডিজিটাল কনটেন্ট, প্রেস রিলিজ ইত্যাদি এখানে সংরক্ষণ রাখার বিষয়ে আলোচনা হয়। প্রকল্প পরিচালক, এটুআই বলেন যে, দিবসটি একটি জাতীয় দিবস হওয়ায় প্রতিবছর এটি উদযাপন হবে বিধায় শুরুতেই যদি আমরা এটি করতে পারি ভবিষৎ-এ এটি আরোও সজ্জিত ও আপডেট করা যাবে। ওয়েবসাইটটি বিভিন্ন প্ল্যাটফর্ম যেমন- সি ইয়ংবাংলা, কিশোর-কানেক্ট, মুক্তপাঠ, জাতীয় তথ্য বাতায়ন, বিভিন্ন স্টেকহোল্ডার এর ওয়েবসাইটে লিঙ্কড করার বিষয়ে আলোচনা হয়। | (১০.১) শেখ রাসেল-এর জন্য একটি আকর্ষণীয় ও সৃজনশীল ওয়েবসাইট (www.sheikhrussel.gov.bd) তৈরি করতে হবে। যেখানে শেখ রাসেল-কে নিয়ে একটি ডিজিটাল এ্যালবাম থাকবে, শেখ রাসেল- এর জীবন, জন্ম, বেড়েওঠা, ১৫ আগস্ট, তাঁর স্মৃতিকথা, পরিবার, বিভিন্ন সাক্ষাতকার, বিভিন্ন সময়ে ধারণকৃত ছবি, শেখ রাসেল-এর উপর রচিত বিভিন্ন বইয়ের তালিকা, গান, কবিতা দিবসটি উদযাপন উপলক্ষ্যে যাবতীয় কনটেন্টসমূহ যেমন-অডিও ভিজ্যুয়াল, এনিমেটেড ভিডিও, ডিজিটাল কনটেন্ট, প্রেস রিলিজ ইত্যাদি সংরক্ষণ করা হবে। ভবিষৎ-এ এটি আরোও সজ্জিত ও আপডেট করতে হবে।<br>(১০.২) প্রকল্প পরিচালক, এটুআই আগামী ২৬/১০/২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটের ডেমো দেখাবে এবং প্রয়োজনীয় বাজেটের সংস্থান করবে;<br>(১০.৩) নিম্নবর্ণীত টিম ওয়েবসাইট তৈরির দায়িত্ব পালন করবেন;<br>১। প্রকল্প পরিচালক, এটুআই (প্রধান সমন্বয়ক)<br>২। ০২জন প্রতিনিধি, এটুআই প্রকল্প<br>৩। প্রধান শিক্ষিকা, ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ<br>৪। অজয় দাস গুপ্ত, বিশিষ্ট সাংবাদিক, ছড়াকার ও কলাম লেখক<br>৫। সুভাষ সিংহ রায়, লেখক ও সাংবাদিক<br>৬। ইয়াসিন কবির জয়, সিনিয়র ফটোগ্রাফার<br>৭। পাভেল রহমান, ফটো সাংবাদিক<br>৮। জনাব তন্ময় আহমেদ, সমন্বয়ক, সিআরআই<br>৯। জনাব সুরজিত, সমন্বয়ক (আইসিটি), সিআরআই<br>১০। জনাব মোঃ সোহেল রানা (ক্রিয়েটিভ ডিজাইনার) | প্রকল্প পরিচালক এটুআই |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ১১। জনাব সজীব, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট<br>১২। জনাব অজিত কুমার<br>(১০.৪) শেখ রাসেল-এর ডিজিটাল এ্যালবাম তৈরি করতে হবে। প্রকল্প পরিচালক, এটুআই সার্বিকভাবে এটি তদারকি করবেন।<br>(১০.৫) সকল কনটেন্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট হতে ভেরিফাইড করতে হবে। | |
| ১০ | সেমিনার/ও য়েবিনার আয়োজন | (১১.১) ১৮ অক্টোবর ২০১৮ তারিখে বিকাল ০৩:০০ টায় নিম্নরূপভাবে একটি সেমিনার (বাংলা) আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।<br>**মূল প্রবন্ধ উপস্থাপক:** জনাব আনিসুল হক, বিশিষ্ট সাংবাদিক, কথা-সাহিত্যিক ও নাট্যকার<br>**আলোচকগণ:**<br>• অধ্যাপক ডঃ নুজহাত চৌধুরী<br>• ব্যারিস্টার শাহ্ আলী ফরহাদ, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী<br>• জনাব শমী কায়সার<br>• জনাব সাদাত রহমান, আন্তর্জাতিক শিশু পদক বিজয়ী<br>• একজন মেয়ে (ডিবেট চ্যাম্পিয়ান বা এরুপ)<br>**সভাপতি:** মাননীয় প্রতিমন্ত্রী, আইসিটি বিভাগ<br>**সঞ্চালক:** জনাব সামি আহমেদ, পলিসি এ্যাডভাইজর, এলআইসিটি<br>(১১.২) একটি ওয়েবিনার (ইংরেজি) নিম্নরুপভাবে আয়োজনের বিষয়ে আলোচনা হয়।<br>**মূল প্রবন্ধ উপস্থাপক:** অধ্যাপক ডঃ মোহাম্মদ জাফর ইকবাল<br>**আলোচকগণ:**<br>**সভাপতি:** মাননীয় প্রতিমন্ত্রী, আইসিটি বিভাগ<br>**সঞ্চালক:** জনাব নওশের | (১১.১) (ক) সেমিনার (বাংলা)-এর বিষয়বস্তু নির্ধারণ করতে হবে। একটি সেমিনার (বাংলা) নিম্নবর্ণিত ফরমেটে আইসিটি অধিদপ্তর আয়োজন করবে।<br>**মূল প্রবন্ধ উপস্থাপক:** জনাব আনিসুল হক, বিশিষ্ট সাংবাদিক, কথা-সাহিত্যিক ও নাট্যকার<br>**আলোচকগণ:**<br>• অধ্যাপক ডঃ নুজহাত চৌধুরী<br>• ব্যারিস্টার শাহ্ আলী ফরহাদ, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী<br>• জনাব শমী কায়সার<br>• জনাব সাদত রহমান, আন্তর্জাতিক শিশু পদক বিজয়ী<br>• একজন মেয়ে (ডিবেট চ্যাম্পিয়ান বা এরুপ)<br>**সভাপতি:** মাননীয় প্রতিমন্ত্রী, আইসিটি বিভাগ<br>**সঞ্চালক:** জনাব সামি আহমেদ, পলিসি এ্যাডভাইজর, এলআইসিটি<br>(খ) একটি সেমিনার (বাংলা) সি আর আই আয়োজন করবে।<br>(১১.২) একটি ওয়েবিনার (ইংরেজি) নিম্নরুপভাবে আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত হয়। বিষয় বস্তু নির্ধারণ করতে হবে।<br>**মূল প্রবন্ধ উপস্থাপক:** অধ্যাপক ডঃ মোহাম্মদ জাফর ইকবাল<br>**আলোচকগণ:**<br>পরবর্তীতে নির্ধারন করা হবে।<br>**সভাপতি:** মাননীয় প্রতিমন্ত্রী, আইসিটি বিভাগ<br>**সঞ্চালক:** জনাব নওশের<br>ডিডিও রেকর্ড করে আয়োজন করা যেতে পারে।<br>(১১.৩) সেমিনার (বাংলা) ও সেমিনার (ইংরেজী) আয়োজনের নিমিত্ত আলাদা আলাদা কমিটি গঠন করতে হবে। | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ১১ | সাংস্কৃতিক অনুষ্ঠান/ কনসার্ট ফর পিস এন্ড জাস্টিস আয়োজন | (১২.১) ১৮ অক্টোবর ২০২১ তারিখে শেখ রাসেল দিবস উপলক্ষ্যে আইসিটি বিভাগ কর্তৃক বিআইসিসি-এর হল অব ফেম-এ সন্ধ্যা ০৬.০০ টায় কনসার্ট ফর পিস এন্ড জাস্টিস আয়োজন সম্পর্কিত আলোচনা হয়। সভাপতি বলেন যে, উক্ত কনসার্টে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপনের জন্য মাননীয় আইন মন্ত্রী-কে অনুরোধ করা যেতে পারে। উক্ত অনুষ্ঠানে একটি শপথ পাঠের বিষয়েও আলোচনা হয়। | (১২.১) বিআইসিসি-এর হল অব ফেম-এ সন্ধ্যা ০৬.০০ টায় কনসার্ট ফর পিস এন্ড জাস্টিস আয়োজন করতে হবে। উক্ত কনসার্টে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপনের জন্য মাননীয় আইন মন্ত্রী-কে আধা সরকারি পত্র প্রেরণ করতে হবে। মাননীয় আইনমন্ত্রী একটি শপথ পাঠ করবেন ১৫ আগস্টের মর্মান্তিক ঘটনা পৃথীবিতে আর যেন না হয় সে বিষয়ে সারা | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>(১২.২) শেখ রাসেল জাতীয় শিশু কিশোর পরিষদ-এর প্রতিনিধি জানান যে, প্রতিবছর মাননীয় প্রধানমন্ত্রী'র উপস্থিতিতে মূল অনুষ্ঠানের অংশ হিসেবে অনুষ্ঠান শেষে ৩০মিনিটের একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে।</td>
<td>বিশ্বের নিকট আবেদন করা। শিশুরা শ্রোতা হিসেবে উপস্থিত থাকবে। কিছু শিশুদের গান নির্বাচন করতে হবে। এফ মাইনর, সন্ধি ও সভ্যতা ও অন্যান্য শিশু (বাপ-বেটা ও অন্যান্য) শিল্পীকে নিয়ে কনসার্টটি আয়োজন করতে হবে। কনসার্টের শুরুতেই ১৫ আগস্টের ঘটনা অবলম্বনে একটি নাটিকা পরিবেশন করতে হবে। এক্ষেত্রে শিল্পকলা একাডেমি-এর জনাব লাকী ও প্রিদিম থিয়েটার এর সাথে সমন্বয় করে একটি নাটকের স্ক্রিপ্ট প্রস্তুত করতে হবে। এছাড়া কনসার্ট ফর পিস এন্ড জাস্টিস অনুষ্ঠানটি আইসিটি অধিদপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, এটুআই ও সিআরআই সমন্বয় করবে। শেখ রাসেল-এর কিছু ছবি-এর হলোগ্রাফিক ডিসপ্লে ১৮ অক্টোবর ২০২১ তারিখে সকালে মূল অনুষ্ঠান ও সন্ধ্যায় কনসার্ট ফর পিস এন্ড জাস্টিস অনুষ্ঠানে দেখাতে হবে।<br><br>(১২.২) কেন্দ্রীয়ভাবে আয়োজিত মূল অনুষ্ঠানে শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ কর্তৃক প্রতিবারের ন্যায় ৩০ মিনিটের একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে।</td>
<td>ব্যারিস্টার জাহাঙ্গীর হোসেন রনি উপস্থাপন ও সমন্বয় করবেন</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>শেখ রাসেল পদক প্রদান</td>
<td>সভায় নিম্নবর্ণিত ক্ষেত্রে শেখ রাসেল পদক- ১২টি (স্বর্ণপদক (১১.৬৬ গ্রাম, ২২ ক্যারেট, সার্টিফিকেশনসহ) ও ল্যাপটপ) প্রদানের বিষয়ে আলোচনা হয়।
<table>
<tr><th>ক্রম</th><th>ক্ষেত্র</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>(১)</td><td>শিক্ষা</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
<tr><td>(২)</td><td>শিল্প ও সাহিত্য</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
<tr><td>(৩)</td><td>সংস্কৃতি</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
<tr><td>(৪)</td><td>ক্রীড়া</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
<tr><td>(৫)</td><td>বিজ্ঞান ও প্রযুক্তি</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
<tr><td>(৬)</td><td>বিশেষ ক্ষেত্র-প্রতিনিধি</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
</table></td>
<td>(১৩.১)বিস্তারিত আলোচনা শেষে বর্ণিত ক্ষেত্রে বিশেষ কৃতিত্ব অর্জনের জন্য নিম্নরূপভাবে ১০টি (স্বর্ণপদক (১১.৬৬ গ্রাম, ২২ ক্যারেট, সার্টিফিকেশনসহ) ও ল্যাপটপ) প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>ক্রম</th><th>ক্ষেত্র</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>(১)</td><td>শিক্ষা</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
<tr><td>(২)</td><td>শিল্পকলা, সাহিত্য ও সংস্কৃতি</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
<tr><td>(৩)</td><td>ক্রীড়া</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
<tr><td>(৪)</td><td>বিজ্ঞান ও প্রযুক্তি</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
<tr><td>(৫)</td><td>বিশেষ চাহিদাসম্পন্ন শিশু</td><td>০২টি (০১টি ছেলে ও ০১টি মেয়ে)</td></tr>
</table>
(১৩.২) মনোনয়ন প্রস্তাবকারী প্রতিষ্ঠান নিম্নরূপ:</td>
<td>মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (১) শিক্ষা: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগ ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>(২) শিল্পকলা, সাহিত্য ও সংস্কৃতি: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>(৩) ক্রীড়া: যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>(৪) বিজ্ঞান ও প্রযুক্তি: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>(৫) বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিশেষ পুরস্কার ( সম্মিলিতভাবে শিক্ষা, শিল্পকলা, সাহিত্য ও সংস্কৃতি, ক্রীড়া, বিজ্ঞান ও প্রযুক্তি): সমাজকল্যাণ মন্ত্রণালয়, বিসিসি, সুচনা ফাউন্ডেশন<br>(১৩.৩) সকল ক্ষেত্রে প্রার্থীর বয়স ০৮-১৮ বছর হতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>(১৩.৪) পুরস্কার/পদক প্রদানের নিমিত্ত মনোনয়ন যাচাই-বাছাই ও স্বর্ণপদক যাচাই-বাছাই এর জন্য অতিরিক্ত সচিব (আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ), আইসিটি বিভাগ-এর সভাপতিত্বে সংযুক্ত কমিটি (সংলাগ-ঘ) সার্বিক দায়িত্ব পালন করবে। পদকের ডিজাইনসহ সকল ডিজাইন অনুমোদন করতে হবে। | |
| ১৩ | শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন | সারাদেশের সবগুলো ল্যাবের মধ্যে প্রতিটি জেলায় ল্যাবে যারা সবচেয়ে ভাল করেছে তাদেরকে ঐ দিবসে পুরস্কার দিতে হবে। আগামী ২২/০৯/২০২১ তারিখের মধ্যে প্রতি জেলার শ্রেষ্ঠ ল্যাব (১ম, ২য় ও ৩য়) নির্বাচনের জন্য জেলা প্রশাসক ও প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার বরাবর নির্দেশনা প্রেরণ করা হবে। দিবস উপলক্ষ্যে আইসিটি বিভাগ হতে প্রেরিতব্য বাজেট হতে পুরস্কারের সংস্থান করা হবে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়াও বিগততে যে ২০০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব-এ আইসিটি ক্লাব গঠন করা হয়েছিল সেভাবে ৫০০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব-এ আইসিটি ক্লাব গঠনের বিষয়ে আলোচনা হয়। ল্যাবগুলোতে আইসিটি ক্ল্যাব গঠন করতে হবে। | (১৪.১) প্রতি জেলার শ্রেষ্ঠ ল্যাব (১ম, ২য় ও ৩য়) নির্বাচনের জন্য জেলা প্রশাসক ও প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার বরাবর আগামী ০৭ (সাত) দিনের মধ্যে নির্দেশনা প্রেরণ করতে হবে। দিবস উপলক্ষ্যে আইসিটি বিভাগ হতে প্রেরিতব্য বাজেট হতে পুরস্কারের সংস্থান করতে হবে। পূর্বে তৈরিকৃত আইসিটি ক্লাবের ফরম্যাট অনুযায়ী আগামী ০৭ (সাত) দিনের মধ্যে ৫০০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব-এ আইসিটি ক্লাব গঠন করতে হবে।<br>(১৪.২) আগামী ১৮ তারিখে প্রতিটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবে কেন্দ্রীয়ভাবে আয়োজিতব্য মূল অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করবে। এতদ্‌বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগ ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।<br>(১৪.৩) মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার শেষে স্থানীয়ভাবে প্রতিটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ছোট-ছোট প্রোগ্রামিং এবং আইসিটি বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন করতে হবে এবং পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিযোগিতার ছবি/ভিডিও আপলোড করতে হবে যাতে সকলে বুঝতে | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পারে ল্যাবটি ইন্টারনেটের মাধ্যমে সংযুক্ত এবং প্রতিযোগিতা আয়োজন করেছেন। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করবে। | |
| ১৪ | এনিমেটেড মুভি, অডিও ভিজুয়াল এবং ডিজিটাল মিডিয়া কনটেন্ট তৈরি | উপ-পরিচালক (প্রশাসন) জানান যে, শেখ রাসেলের উপর এনিমেটেড ভিডিও নির্মাণ, ০২টি অডিও ভিজ্যুয়াল নির্মাণ এবং ১০০টি ডিজিটাল কনটেন্ট প্রস্তুতের জন্য দরপত্র আহবান করা হয়েছে। ১৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে উল্লিখিত কার্যাদি সম্পন্ন করা হবে এবং আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখে শেখ রসেল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে এনিমেটেড ভিডিও, অডিও ভিজ্যুয়াল এবং ডিজিটাল কনটেন্টসমূহ প্রচার করা হবে। এছাড়াও সভায় মানসম্মত এনিমেটেড মুভি, অডিও ভিজুয়াল এবং ডিজিটাল মিডিয়া কনটেন্ট তৈরি করার বিষয়ে আলোচনা হয়। | আগামী ১৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে চুড়ান্তভাবে মানসম্মত এনিমেটেড মুভি, অডিও ভিজুয়াল এবং ১০০টি ডিজিটাল মিডিয়া কনটেন্ট তৈরি সম্পন্ন করতে হবে। তবে ১৫ তারিখের পূর্বেই খসড়া এনিমেটেড মুভি, অডিও ভিজুয়াল এবং ১০০টি ডিজিটাল মিডিয়া কনটেন্ট এর অনুমোদন গ্রহণ করতে হবে। প্রয়োজন অনুযায়ী সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মানসম্মত এনিমেটেড মুভি, অডিও ভিজুয়াল এবং ডিজিটাল মিডিয়া কনটেন্ট তৈরির জন্য প্রয়োজনীয় বাজেটের সংস্থান করতে হবে। | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ১৫ | অডিও ভিজুয়াল কাম ডকুমেন্টারি/ ডকুমেন্টারি মুভি তৈরি | সভায় নিম্নবর্ণিত ০২ (দুই)টি ডকুমেন্টারি তৈরির বিষয়ক আলোচনা হয়:<br>(১) শেখ রাসেল-এর সহপাঠী, শিক্ষকমন্ডলী যারা বেঁচে আছেন তাদের কে নিয়ে, উক্ত স্কুলে শেখ রাসেলসহ বেবী সেরনিয়াবাত, আরিফ সেরনিইয়াবাত তারাও তখন এই স্কুলের শিক্ষার্থী ছিলেন তাদের কিছু স্মৃতিচারণ খুঁজে বের করে তাদের নিয়ে একটি ডকুমেন্টারি মুভি তৈরী করার নিমিত্ত ইতোমধ্যে দরপত্র আহ্বান করা হয়েছে মর্মে আইসিটি অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ ফিরোজ সরকার সভায় জানান। তিনি বলেন যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী আগামী ১৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে উল্লিখিত কার্যাদি সম্পন্ন করা হবে। আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখে শেখ রসেল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে এনিমেটেড ভিডিও, অডিও ভিজ্যুয়াল এবং ডিজিটাল কনটেন্টসমূহ প্রচার করা হবে মর্মে জানান।<br>(২) এছাড়া ১৫ আগষ্ট ১৯৭৫ শেখ রাসেল কে হত্যার সময়, যে পুলিশ সদস্যের কাছ থেকে রাসেলকে কেড়ে নেয়া হয়েছিল তার একটি অডিও ভিজুয়াল সহ ডকুমেন্টারি প্রস্তুতের জন্যও ইতোমধ্যে দরপত্র আহবান করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | আইসিটি অধিদপ্তর, ইউনিভাসিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ এবং সিআরআই এর সমন্বয়ে গঠিত টিম উক্ত ডকুমেন্টারি তৈরির কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। তবে ১৫ তারিখের পূর্বেই খসড়া ডকুমেন্টারি সভায় উপস্থাপন করতে হবে। প্রয়োজন অনুযায়ী সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মানসম্মত ডকুমেন্টারি তৈরির জন্য প্রয়োজনীয় বাজেটের সংস্থান করতে হবে। | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ১৬ | প্রেস কনফারেন্স আয়োজন | বিগত সভার সিদ্ধান্তের আলোকে দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১২/১০/২০২১ তারিখে একটি সংবাদ সম্মেলন আয়োজনের নিমিত্ত আইসিটি অধিদপ্তর কর্তৃক প্রস্তাব করা হয়। মাননীয় সভাপতি জানান যে, অনলাইন কুইজ-এর নিবন্ধন শুরুর দিন একটি সংবাদ সম্মেলন আয়োজন করতে হবে মর্মে জানান। | (১৬.১) আগামী ০১/১০/২০২১ তারিখ শুক্রবার সকাল ১১:০০ টায় অনলাইন কুইজ প্ল্যাটফর্ম উদ্বোধন ও কুইজে অংশগ্রহণের জন্য নিবন্ধন শুরু বিষয়ক সংবাদ সম্মেলন আয়োজন করতে হবে। প্রকল্প পরিচালক, এটুআই অনলাইন কুইজের বিস্তারিত উপস্থাপন করবেন। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সংবাদ সম্মেলন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।<br>(১৬.২) সার্বিক নিরাপত্তাসহ যথাযথ মর্যাদায় এবং শান্তিপূর্ণভাবে দিবসটি উদ্‌যাপনের | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | নিমিত্ত গৃহীত সকল কর্মসূচি ঘোষণা করার জন্য একটি সংবাদ সম্মেলন আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক এটুআই |
| ১৭ | মাঠ পর্যায়ে দিবস উদযাপন | পর্যায় | কার্যক্রম/প্রতিযোগিতার ধরণ | বিষয় | টার্গেটেড গ্রুপ | প্রস্তাব অনুযায়ী মাঠ পর্যায়ে দিবসটি আয়োজনে আইসিটি বিভাগ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| | | বিভাগীয় পর্যায় | সেমিনার/ওয়ার্কশপ/ ওয়েবিনিয়ার | প্রতিপাদ্য নির্ভর | মাননীয় সংসদ সদস্যসহ অন্যান্য সকল জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী, স্টেকহোল্ডার (আইটি খাত), ফ্রিল্যান্সার, ই-কমার্স উদ্যোক্তা, আইএসপি, আইসিটি উদ্যোক্তা, সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ইউডিসিসহ উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট সকল | | |
| | | জেলা পর্যায় (৬৪টি) | সেমিনার/ওয়ার্কশপ/ ওয়েবিনিয়ার | প্রতিপাদ্য নির্ভর | মাননীয় সংসদ সদস্যসহ অন্যান্য সকল জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী, স্টেকহোল্ডার (আইটি খাত), ফ্রিল্যান্সার, ই-কমার্স উদ্যোক্তা, আইএসপি, আইসিটি উদ্যোক্তা, সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ইউডিসিসহ উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট সকল | | |
| | | | প্রেজেন্টেশন প্রস্তুত প্রতিযোগিতা | প্রিয় শেখ রাসেল (৮-১০ স্লাইড) | উচ্চ মাধ্যমিক ও তদুর্ধ্ব শ্রেণি | | |
| | | | রচনা প্রতিযোগিতা | প্রিয় শেখ রাসেল | ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি | | |
| | | উপজেলা পর্যায় (৪৩২টি) (সদর উপজেলা ব্যতীত) | সেমিনার/ওয়ার্কশপ/ ওয়েবিনিয়ার | প্রতিপাদ্য নির্ভর | মাননীয় সংসদ সদস্যসহ অন্যান্য সকল জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী, স্টেকহোল্ডার (আইটি খাত), ফ্রিল্যান্সার, ই-কমার্স উদ্যোক্তা, আইএসপি, আইসিটি উদ্যোক্তা, সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ইউডিসিসহ | | |

| | | |
|---|---|---|
| | | উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট সকল |
| উপস্থিত বক্তৃতা/ বিতর্ক প্রতিযোগিতা | প্রিয় শেখ রাসেল | ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি |
| চিত্রাংকন | আমার তুলিতে শেখ রাসেল | ১ম হতে ৫ম শ্রেণি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | ৩৬০ ডিগ্রি প্রচার ও ব্রান্ডিং | সার্বিকভাবে ৩৬০° ব্র্যান্ডিং ও প্রচার সংক্রান্ত নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে- মর্মে আলোচনা হয়:<br>চলতি বছরে বিদেশে অবস্থিত সকল বাংলাদেশ মিশনে দিবসটি একযোগে পালন;<br>বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং এফ এম রেডিও এর মাধ্যমে প্রচার;<br>নির্ধারিত স্যাটেলাইট চ্যানেলে ১৫/২০টি টকশো, ২০/৩০ সেকেন্ডের বিজ্ঞাপন দিনে ৫/৬ বার প্রচার ও স্ক্রলিং;<br>অগ্রীম প্রচারের নিমিত্ত বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে ব্যানার, ফেস্টুন ও ফ্লাইয়ার ইত্যাদি প্রদর্শন;<br>বিটিআরসি কর্তৃক মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ;<br>দিবসের কার্যক্রমসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে লাইভ টেলিকাস্ট করাসহ পুর্বে হতে সকল সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপকভাবে প্রচার;<br>আইসিটি টাওয়ার সুসজ্জিত ও ব্রান্ডিং;<br>ইমেইল ও মোবাইল এ্যাডভারটাইজিং;<br>প্রত্যেক প্রতিষ্ঠান যার যার অবস্থান হতে দিবসটিকে ব্র্যান্ডিং ও প্রচার করা;<br>আলোকসজ্জা, রাস্তায় স্থাপিত এলইডি পর্দা/ ডিজিটাল বিলবোর্ড;<br>বিশেষ বুলেটিন প্রকাশ ও ক্রোড়পত্র প্রকাশ<br>৪৫৫৪টি ইউডিসি, ৩৩২টি পৌরসভাসহ সকল সিটি কর্পোরেশন-এ প্রচারণার ব্যবস্থা গ্রহণ, ইত্যাদি। | বিস্তারিত আলোচনা শেষে ৩৬০° ব্র্যান্ডিং ও প্রচার সংক্রান্ত নিম্নরূপ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়: চলতি বছরে বিদেশে অবস্থিত সকলবাংলাদেশ মিশনে দিবসটি একযোগে পালন করতে হবে<br>বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং এফ এম রেডিও এর মাধ্যমে প্রচার;<br>নির্ধারিত স্যাটেলাইট চ্যানেলে ১৫/২০টি টকশো, ২০/৩০ সেকেন্ডের বিজ্ঞাপন দিনে ৫/৬ বার প্রচার ও স্ক্রলিং;<br>অগ্রীম প্রচারের নিমিত্ত বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে ব্যানার, ফেস্টুন ও ফ্লাইয়ার ইত্যাদি প্রদর্শন; বিটিআরসি কর্তৃক মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ;<br>দিবসের কার্যক্রমসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে লাইভ টেলিকাস্ট করাসহ পুর্বে হতে সকল সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপকভাবে প্রচার;<br>ইমেইল ও মোবাইল এ্যাডভারটাইজিং;<br>প্রত্যেক প্রতিষ্ঠান যার যার অবস্থান হতে দিবসটিকে ব্র্যান্ডিং ও প্রচার করবে।<br>আলোকসজ্জা, রাস্তায় স্থাপিত এলইডি পর্দা/ ডিজিটাল বিলবোর্ড এর মাধ্যমে প্রচারণা করতে হবে | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ১৯ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল স্কুল অব ফিউচার স্থাপন | আগামী ২-৩ বছরের মধ্যে আরোও ০৫ (পাঁচ) হাজার প্রাথমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন এবং তিনশত নির্বাচনীয় সংসদীয় আসন ভিত্তিক তিনশত শেখ রাসেল স্কুল অব ফিউচার এবং শেখ রাসেল ডিজিটাল লাইব্রেরী প্রতিষ্ঠার নিমিত্ত মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে একটি নতুন প্রকল্প গ্রহণের নিমিত্ত ডিপিপি প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়াও ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ-কে স্কুল অফ ফিউচার এর আওতায় আনয়নের নিমিত্ত ইতোমধ্যে প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব জেলা প্রশাসকের মাধ্যমে ডিও পত্র গ্রহণের উদ্যোগ গ্রহণ করেছে। | ১৯.১) আগামী ২-৩ বছরের মধ্যে আরোও ০৫ (পাঁচ) হাজার প্রাথমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন এবং তিনশত নির্বাচনীয় সংসদীয় আসন ভিত্তিক তিনশত শেখ রাসেল স্কুল অব ফিউচার এবং শেখ রাসেল ডিজিটাল লাইব্রেরী প্রতিষ্ঠার নিমিত্ত একটি নতুন প্রকল্প গ্রহণের জন্য খসড়া ডিপিপি প্রণয়নের কার্যক্রম আগামী ০১ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>১৯.২) বর্তমানে চলমান "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ৩০০টি স্কুল অব ফিউচার এর অধীন উক্ত প্রতিষ্ঠানকে সংযুক্ত করতে হবে। | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>প্রকল্প পরিচালক শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্প |
| ২০ | কমিটি গঠন, প্রধান অতিথি, | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী নীতিমালা প্রণয়ন, ১ম বার উদ্‌যাপনের জন্য কেন্দ্রীয় কমিটি গঠন, মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠানে উপস্থিতি, বছরব্যাপী কর্মসূচি ও | ২০.১) অক্টোবর ২০ তারিখের মধ্যে নীতিমালা খসড়া উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | কর্মসূচি ও অনুষ্ঠানসূচি | ও দিবসের অনুষ্ঠানসূচি মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করেছেন। | ২০.২) এবারের মত মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্বে গঠিত কমিটির রূপরেখা উপস্থাপন শেষে সভায় অনুমোদিত হয়। আগামী ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ সন্ধ্যা ৭:০০ টায় উদ্‌যাপন কমিটি অনুমোদনপূর্বক ১ম সভা আহ্বান করতে হবে।<br>২০.৩) দিবসের অনুষ্ঠানসূচি জাতীয় ও কেন্দ্রীয়ভাবে শেখ রাসেল শিশু-কিশোর পরিষদের সঙ্গে আলোচনাক্রমে চূড়ান্ত করতে হবে।<br>২০.৪) জাতীয়ভাবে উদ্‌যাপিত বছরব্যাপী কর্মসূচি সকলের সাথে সমন্বয় করতে হবে।<br>২০.৫) দিবসটিতে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতির বিষয়টি তাঁর অনুমোদিত অনুষ্ঠানসূচির তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | |
| ২১ | টিভি চ্যানেলে সম্প্রচার | দিবসটি উদ্‌যাপনের আগের দিন ১৭ সেপ্টেম্বর রাতে বিটিভি সহ অন্যান্য টিভি চ্যানেলে বিশিষ্ট জনদের নিয়ে শেখ রাসেল সম্পর্কে আলোচনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে মতামত প্রদান করা হয়। | শেখ রাসেলকে নিয়ে কমপক্ষে ২০ জন বিশিষ্ট বক্তার বক্তব্য বিটিভি ও অন্যান্য চ্যানেলে ১৭ অক্টোবর একযোগে সম্প্রচার করবে। | সচিব<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |

০২। শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদের সাধারন সম্পাদক ব্যারিস্টার জাহাঙ্গীর হোসেন রনি পরিষদের পক্ষ থেকে দিবসের অনুষ্ঠানসূচি সমন্বয়কারী ও উপস্থাপক হিসেবে দায়িত্ব পালন করবেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
জুনাইদ আহ্‌মেদ পলক
মাননীয় প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৯.২৩.০০১.২০.১৫৪ তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। সিনিয়র সচিব/সচিব (সকল), সকল মন্ত্রণালয়/বিভাগ
০২। অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
০৩। সংস্থা প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
০৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
০৫। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
০৬। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
০৭। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
০৮। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি
০৯। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী
১০। নিয়ন্ত্রক, কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ (সিসিএ)
১১। কিউরেটর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর
১২। প্রিন্সিপাল, ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ
১৩। জনাব রকিবুর রহমান, চেয়ারম্যান, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ
১৪। জনাব কে এম শহিদ উল্যাহ, মহাসচিব, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ

১৫। ব্যারিস্টার মোহাম্মদ মেহেদী হাসান চৌধুরী, অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১৬। চৌধুরী নাফিজ সরাফাত, সহ-সভাপতি, জাতীয় দাবা পরিষদ
১৭। তরফদার মোহাম্মদ রুহুল আমিন, উপদেষ্টা, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ
১৮। সিরাজুল ইসলাম মোল্লা, উপদেষ্টা, শেখ রাসেল জাতীয় শিশু- কিশোর পরিষদ
১৯। ব্যারিস্টার জাহাঙ্গীর হোসেন রনি, সাধারন সম্পাদক, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ
২০। জনাব পূরবী মতিন, হিউম্যান ডেভলপমেন্ট চিফ, এটুআই
২১। জনাব হাসান বেনাউল ইসলাম, সোশ্যাল মিডিয়া এন্ড ব্র্যান্ডিং স্পেশালিস্ট, এলআইসিটি প্রকল্প
২২। সৈয়দ আলমাস কবির, সভাপতি, বেসিস
২৩। জনাব ওয়াহিদ শরিফ, সভাপতি, বাক্কো
২৪। জনাব মোঃ শাহিদ-উল-মুনির, সভাপতি, বিসিএস
২৫। জনাব শমী কায়সার, সভাপতি, ই-ক্যাব
২৬। জনাব এম. এ. হাকিম, সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ
২৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিআরআই
২৮। জনাব মোঃ মুজাহিদুল ইসলাম, সভাপতি, বাংলাদেশ আইসিটি জার্নালিস্ট ফোরাম (বিআইজেএফ)
২৯। কনভেনর, টেকনোলজি মিডিয়া গিল্ড বাংলাদেশ (টিএমজিবি)
৩০। জনাব সাদাত রহমান (সভাপতি কর্তৃক মনোনীত)
৩১। ইয়াসিন কবির জয় (সভাপতি কর্তৃক মনোনীত)
৩২। সূচনা ফাউন্ডেশন এর প্রতিনিধি
৩৩। তন্ময় আহমেদ, সমন্বয়ক, সিআরআই
৩৪। সুচিন্তা ফাউন্ডেশন এর প্রতিনিধি
৩৫। পাভেল রহমান

২৩/৯/২০২৩

মোহাম্মদ নজরুল ইসলাম
উপসচিব